Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 26 May, 2025

সাতক্ষীরার কলারোয়া উপজেলার  গয়ড়া এলাকায় অনুমোদনহীন অবৈধভাবে স-মিলে টাস্কফোর্স অভিযান পরিচালনা করেছে সাতক্ষীরা  বিজিবি। সোমবার (২৬ মে) দুপুরে গয়ড়া কলেজ মোড় নামক স্থানে বনবিভাগের অনুমোদনহীন স-মিলে বিজিবি, বন বিভাগের কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এর সমন্বয়ে একটি টাস্কর্ফোস অভিযান পরিচালনা করা হয়। এসময় ৪৭লক্ষ টাকার কাট জব্দ ও ৩৯হাজার টাকা জরিমান করা হয় বলে জানিয়েছে বিজিবি। সোমবার  বিকালে বিজিবি প্রেরিত  এক  প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়। বিজিবি জানায়,  গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, কিছু অসাধু ব্যবসায়ী বন বিভাগের অনুমোদন ব্যতিত স-মিলে পরিবেশ ধ্বংসকারী গাছ ও কাঠ চেরাই করছে এমন তথ্যের ভিত্তিতে টাস্কর্ফোস অভিযান পরিচালনা করা হয়।এসময় অবৈধভাবে কাঠ চেরাই করার দায়ে ৩টি প্রতিষ্ঠানকে ১৯ হাজার টাকা করে সর্বমোট ৩৯ হাজার টাকা জরিমানা করা হয়।একই সাথে ৪৭ লক্ষ টাকা মূল্যের প্রায় ৭ হাজার ৮'শ ঘনফুট বিভিন্ন প্রকার গোল কাঠ জব্দ করা হয়। এছাড়া কাট অপসারণের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক ১৫ দিনের মধ্যে অপসারণের নোটিশ জারী করা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নূসরাত জাহান, বিজিবির সহকারী পরিচালক বেগ আব্দুল্লাহ আল মাসুম, কলারোয়া উপজেলা বন কর্মকর্তা সহ অনেকে।

সমিল অভিযান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:59

URL: https://www.timestodaybd.com/khulna/5204102989